# মালিকের গল্প

# Malik’s story

LIDA Italia
Vilius Aistis Vilimas
Tahmina Akter
4
বাংলা bn / English en

আমার নাম মালিক এবং আমার বয়স ৩৯ বছর। আমার জন্ম আফগানিস্তানে। আমার ধর্ম আফগানিস্তানের মূল ধর্ম থেকে আলাদা।

• • •

My name is Malik and I am 39 years old. I was born in Afghanistan. My religion is different from the main religion in Afghanistan.

বহু বছর ধরে, আমার ধর্মের লোকেরা নির্যাতিত হয়েছে। এটা আমার পরিবারের জন্য খুব কঠিন ছিল।

• • •

For many years, people who belong to my religion have been persecuted. This has been very difficult for my family.

কয়েক বছর আগে একটা যুদ্ধ হয়েছিল। আমি ভয় পাচ্ছিলাম যে হয়ত আমি মারা যাব। আমি আমার পরিবার ছেড়ে ইউরোপে গিয়ে নতুন জীবন শুরু করেছি।

• • •

A few years ago there was a war. I was afraid I would be killed. I left my family to go to Europe and start a new life.

আমি অনেক কিলোমিটার হেঁটেছিলাম। কখনো কখনো খাবার পেতাম না, থাকার জায়গাও পেতাম না। যাদের সঙ্গে আমি যাত্রা করেছি, তাদের কয়েকজন মারা গিয়েছিলেন।

• • •

I walked for many kilometres. Sometimes I had no food and nowhere to stay. Some of the people I travelled with died.

অবশেষে আমি পৌঁছাই। আমি আমার নিজের দেশের কিছু লোকের সাথে দেখা করেছিলাম যারা আমাকে সাহায্য করেছিল। আমি জানি না তাদের ছাড়া আমি কী করতাম।

• • •

Finally I arrived. I met some people from my own country who helped me. I do not know what I would have done without them.

আমি ভাষা শিখতে শুরু করেছিলাম, কিন্তু এটি কঠিন ছিল। আমি জানতাম যে চাকরি পাওয়ার জন্য এই ভাষায় কথা বলা গুরুত্বপূর্ণ।

. . .

I started to learn the language, but it was hard. I knew that speaking the language was important to get a job.

আমি প্রথমে ভাষা শেখার জন্য বেশ কয়েক বছর পড়াশোনা করেছিলাম। এটা কঠিন ছিল, কিন্তু আমি নতুন নতুন জিনিস শিখতে পছন্দ করি।

• • •

I studied for several years, at first to learn the language. It was hard, but I enjoy learning new things.

পড়াশুনা শেষ করে আমি কাজ করা শুরু করেছিলাম। প্রথমে আমি একটি রেস্টুরেন্টে কাজ করতাম, তারপর শিক্ষক হয়ে গিয়েছিলাম, কারণ আমি অন্যদের সাহায্য করতে চাই।

• • •

After studying I started working. First I worked in a restaurant, and then I became a teacher because I want to help others.

আশা করি, আমি একদিন আফগানিস্তানে ফিরে যাব। সেখানে অনেক মানুষের সাহায্য দরকার এবং আমি তাদের সাহায্য করতে চাই।

• • •

I hope to go back to Afghanistan one day. Many people there need help, and I want to help them.

# LIDA Stories

lidastories.net

## মালিকের গল্প

## Malik’s story


LIDA Italia
Vilius Aistis Vilimas
Tahmina Akter (bn)


CC BY